

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭৬৭

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মিসওয়াক করা এবং উত্তম পোশাক পরিধান করা জুমু'আর সেসব শর্তসমূহের অন্তর্ভুক্ত, যা দুই জুমু'আর মধ্যবর্তী গোনাহসমূহ মোচন করে দেয়

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ السِّوَاكَ وَلُبْسَ الْمَرْءِ أَحْسَنَ ثِيَابِهِ مِنْ شَرَائِطِ الْجُمُعَةِ الَّتِي تُكَفِّرُ مَا بَيْنَ الْجُمُعَتَيْنِ مِنَ الذُّنُوبِ

আরবী

2767 _ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ حَدَّنَنَا الدَّوْرَقِيُّ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ عَنْ مُحَمَّدِ بْنِ السَّحْاقَ حَدَّثَنِي محمد بن إبراهيم عن أبي سلمة بن عَبْدِ الرَّحْمَنِ وَأَبِي أَمَامَةَ بْنِ سَهْلِ بِسْ حَنْيْفِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَأَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَا: سَمِعْنَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ بْنِ حَنْيْفِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَأَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَا: سَمِعْنَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ بْنِ حَنْيْفِ عَنْ أَبِي هُرَيْرَةَ وَأَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَا: سَمِعْنَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (مَن اغْتَسَلَ يَوْمَ الْجُمُعَةِ وَاسْتَنَّ وَمَسَّ مِنْ طِيبٍ إِنْ كَانَ عِنْدَهُ وَلَبِسَ مِنْ أَدُعَ مَا شَاءَ اللَّهُ أَنْ يَرْكَعَ أَدُسَنِ ثِيَابِهِ ثُمَّ جَاءَ إِلَى الْمَسْجِدِ وَلَمْ يَتَخَطَّ رِقَابَ النَّاسِ ثُمَّ رَكَعَ مَا شَاءَ اللَّهُ أَنْ يَرْكَعَ أَدُمَ لَتَي كَانَت كَفَّارَةً مَا بينها وبين الجمعة التي كانت قَبْلها)

الراوي: أَبُو هُرَيْرَةَ وَأَبُو سَعِيدٍ الْخُدرِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2767 | خلاصة حكم المحدث: حسن - ((صحيح أبي داود)) (371).

বাংলা

২৭৬৭. আবৃ হুরাইরা ও আবৃ সা'ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "যে ব্যক্তি জুমু'আর দিন গোসল করে, মিসওয়াক করে, যদি তার কাছে সুগন্ধি থাকে, তবে সুগন্ধি গ্রহণ করে, উত্তম পোশাক পরিধান করে, তারপর মাসজিদে গমন করে, মানুষের গর্দান ধরে না (সামনে যাওয়ার জন্য), তারপর আল্লাহ যতটুকু চান সালাত আদায় করে, অতঃপর ইমাম যখন (খুতবার উদ্দেশ্যে) আসে, তখন থেকে সালাত আদায় করা পর্যন্ত চুপ থাকে, তবে এটি এই জুমু'আর ও আগের জুমু'আর



মধ্যবর্তী (গোনাহের) জন্য কাফফারা হবে।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুয়াইমাহ: ১৭৬২; হাকিম: ১/২৮৩; মুসনাদ আহমাদ: ৩/৮১; আবূ দাউদ: ৩৪৩; বাগাবী: ১০৬০।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবু দাউদ: ৩৭১)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন